

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



“শেখ হাসিনার মূলনীতি  
হাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.০২.০০০০.৬০২.১৬.১৭৯(অংশ-১).১৯. ১৯৩৯

তারিখ : ১২/০৮/১৪২৭ বঙ্গাব্দ।  
২৭/০৭/২০২০ খ্রিষ্টাব্দ।

প্রতি,

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল-বিভাগ)  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

বিষয় : মাঠ পর্যায়ে এলজিইডি'র আওতায় বাস্তবায়িত ও চলমান উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৬০২.১৬.১৭৯(অংশ-১).১৯.১৬৬৭, তারিখঃ ১৭/০২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আওতাধীন বাস্তবায়িত ও চলমান উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান রক্ষাসহ অনুমোদিত সময় অনুযায়ী সম্পাদন করার জন্য স্ব স্ব এলাকা পরিদর্শন ও মনিটরিং করত: নির্ধারিত ছক-এ মনিটরিং ও মূল্যায়ন ইউনিটে প্রতিবেদন দাখিল করার জন্য পত্র দেয়া হয়েছিল। কিন্তু অধিকাংশ বিভাগ থেকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন পাওয়া যাচ্ছে না। এতে এলজিইডি'র কাজের গুণগতমান নিশ্চিত করা সহ উন্নয়ন কাজ নির্ধারিত সময়ে সমাপ্তির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হচ্ছে। ফলে এলজিইডি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায়, আপনাকে আপনার বিভাগের এলজিইডি'র আওতায় বাস্তবায়িত ও চলমান উন্নয়নমূলক কর্মকান্ড নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করত: পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ছক (সংযুক্ত) মোতাবেক প্রতিমাসের ৭ তারিখের মধ্যে মনিটরিং ও মূল্যায়ন ইউনিটে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোন : ০২-৯১২৪০২৭

ই-মেইল : [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অনুলিপি :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল-সদর দপ্তর), এলজিইডি।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল-সদর দপ্তর), এলজিইডি।
- ৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জেলা : (সকল), এলজিইডি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

স্মারক নং- ৪৬.০২.০০০০.৬০২.১৬.১৭৯(অংশ-১).১৯. ১৬৬৭

০৪/১১/১৪২৬বঙ্গাব্দ।

তারিখ : -----

১৭/০২/২০২০খ্রিষ্টাব্দ।

প্রতি,

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল-বিভাগ)  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

বিষয় : মাঠ পর্যায়ে এলজিইডি'র আওতায় বাস্তবায়িত ও চলমান উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৬০২.১৬.১৭৯(অংশ-১).১৯.১১৯৫, তারিখঃ ২১/১১/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি প্রতি বছর জাতীয় বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রায় ১৪% অর্থ উন্নয়ন কর্মকান্ডে ব্যয় করে। এই ব্যয়ের অধিকাংশ কাজই জেলা এবং উপজেলা পর্যায়ে বাস্তবায়িত হয়। এলজিইডি'র আওতাধীন বাস্তবায়িত ও চলমান উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান রক্ষাসহ সময় অনুযায়ী সম্পাদন করার জন্য নির্ধারিত ছকে স্ব স্ব এলাকা পরিদর্শন ও মনিটরিং করত: প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন ইউনিটে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অধিকাংশ বিভাগ থেকে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। এতে এলজিইডি'র কাজের গুণগতমানসহ উন্নয়ন কাজ নির্ধারিত সময়ে সমাপ্তির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হচ্ছে। ফলে এলজিইডি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায়, আপনাকে এলজিইডি'র আওতায় বাস্তবায়িত ও চলমান উন্নয়নমূলক কর্মকান্ড নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করত: পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ছক (সংযুক্ত) মোতাবেক প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন ইউনিটে প্রেরণের জন্য পুনরায় বলা হলো। উল্লেখ্য যে, পরিদর্শন প্রতিবেদনের সাথে ভ্রমণ বিল সামঞ্জস্য কিনা বিবেচনা করা হবে।

সংযুক্তি : বর্ণনামতে।

(স্বাক্ষর চন্দ্র ছাদমা)  
প্রধান প্রকৌশলী

ফোন : ০২-৯১২৪০২৭

ই-মেইল : [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অনুলিপি :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল- সদর দপ্তর), এলজিইডি।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল-সদর দপ্তর), এলজিইডি।
- ৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জেলা : (সকল), এলজিইডি।

